

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা  
প্রজ্ঞাপন

ঢাকা, ১০ সেপ্টেম্বর ২০১৫/২৬ ভাদ্র ১৪২২

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০১৪.০১.১৫-১৫০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উন্নয়ন প্রকল্পে প্রতিস্থাপক পরামর্শক নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন:

- |     |  |              |
|-----|--|--------------|
| (১) | প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সচিব  | - সভাপতি     |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্যসচিব কর্তৃক মনোনীত মহাপরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা                             | - সদস্য      |
| (৩) | সচিব, পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা                        | - সদস্য      |
| (৪) | সচিব, অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা                             | - সদস্য      |
| (৫) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা                | সদস্য<br>-   |
| (৬) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য      |
| (৭) | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রধান   | - সদস্য-সচিব |

(৭৭০১)

মূল্য : টাকা ৪.০০

(খ) কার্যপরিধি:

কমিটি সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান, নির্দেশনা ও RFP দলিল অনুসরণপূর্বক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের মুখ্য জনবল/বিশেষজ্ঞ/ব্যক্তি প্রতিস্থাপনের প্রস্তাব বিবেচনা করিবে।

(গ) এ সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন বাতিল বলিয়া গণ্য হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।